

কলেজ এবং কেরিয়ারের প্রশিক্ষণের জন্য অর্থ সহ বিনামূল্যে NYC স্কলারশিপ অ্যাকাউন্ট!



অংশগ্রহণকারী চার্টার স্কুলগুলি সহ NYC পাবলিক স্কুল-এ ভর্তি হওয়া কিন্ডারগার্টেন, প্রথম শ্রেণী এবং দ্বিতীয় শ্রেণীর প্রতিটি শিক্ষার্থী NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম (Save for College Program)-এ অংশগ্রহণ করতে পারে!* পারিবারিক আয় এবং অভিবাসনের অবস্থা যোগ্যতাকে প্রভাবিত করে না। যোগ্য শিক্ষার্থীদের স্বয়ংক্রিয়ভাবে তালিকাভুক্ত হয় যদি না তাদের মা-বাবা বা অভিভাবকরা অংশগ্রহণ না করার সিদ্ধান্ত নেন।

শিক্ষার্থীরা প্রাথমিক \$100 সহ একটি বিনামূল্যের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট (NYC Scholarship Account) পায়। সময়ের সাথে সাথে আপনার সন্তানের অ্যাকাউন্টে আরও অর্থ পাওয়ার সুযোগ আছে।** সংস্থা, ব্যবসায়িক প্রতিষ্ঠান এবং প্রতিবেশীরা কমিউনিটি স্কলারশিপের মাধ্যমে শিক্ষার্থীদের গোষ্ঠীগুলির NYC স্কলারশিপ অ্যাকাউন্ট-এ অর্থ জমা করতে পারে।

কলেজ এবং কেরিয়ারের প্রশিক্ষণের বিভিন্ন খরচ, যেমন টিউশন, ফি এবং পাঠ্যপুস্তকের জন্য অর্থ প্রদানের জন্য এই অ্যাকাউন্টের অর্থ ব্যবহার করা যেতে পারে। আপনার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট-এর জন্য:

- আপনার অর্থ জমা দেওয়ার প্রয়োজন নেই
- আপনার সামাজিক সুরক্ষা নম্বর (Social Security Number, SSN) বা ব্যক্তিগত করদাতা সনাক্তকরণ নম্বর (Individual Taxpayer Identification Number, ITIN), ব্যাংক অ্যাকাউন্ট বা ক্রেডিট কার্ডের তথ্য প্রদান করার প্রয়োজন নেই।



আরও জানুন:

- আপনার সন্তানের স্কুলের সাথে কথা বলুন
- আপনার ভাষায় তথ্যের জন্য 833-543-7473 নম্বরে NYC Kids RISE হটলাইনে কল করুন
- info@nyckidsrise.org এ ইমেইল করুন
- nyckidsrise.org এ যান

NYC পাবলিক স্কুল (NYC Public Schools) এবং নিউ ইয়র্ক সিটির সাথে অংশীদারিত্বে NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রামটি পরিচালনা করে।

*ভৌগোলিক ডিস্ট্রিক্ট 30 এর 39 টি পাইলট স্কুলের কিন্ডারগার্টেন থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত প্রত্যেক শিক্ষার্থী অংশগ্রহণ করতে পারে।

**যে সকল কিন্ডারগার্টেনের এবং অন্যান্য যোগ্য শিক্ষার্থী এই স্কুল বছরে সেভ ফর কলেজ প্রোগ্রাম-এ নতুন, তাদের মা-বাবা ও অভিভাবকরা জানুয়ারি থেকে তাদের সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট সক্রিয় করতে এবং দেখতে সক্ষম হবেন।